**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 02**

# BENGALI

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

*পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll Number) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ

(i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (cover page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।

(ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।

(iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।

(iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice type questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D) । নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।

*উদাহরণ ঃ* (A) (B) ● (D) , যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

**১০. শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

**১১. কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

**১২. ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

প্রশ্নপত্র পুস্তিকাটি নিরাপত্তার
কারণে **QR** কোড দ্বারা
এনক্রিপ্ট করা আছে।

## BENGALI

**1.** যে উপভাষায় নামধাতু প্রচুর পরিমাণে ব্যবহৃত—

(A) ঝাড়খণ্ডী

(B) বঙ্গালী

(C) কামরূপী

(D) রাঢ়ী

**2.** 'শিখ' শব্দটির উৎস—

(A) ইংরেজি

(B) ফারসি

(C) সংস্কৃত

(D) দেশি

**3.** 'হাড়ভাঙা' যে সমাস—

(A) কর্মধারয়

(B) বহুব্রীহি

(C) উপপদ তৎপুরুষ

(D) অব্যয়ীভাব

**4.** 'রোচন' শব্দের প্রত্যয় বিভাজিত রূপ হলো

(A) রুচি + অনট্

(B) রোচ্ + ক্ত

(C) রুচ + ণিচ্ + অন

(D) রুচ্ + তন

**5.** ''কাজ ন কারণ জ এহু জুঅতি।''— 'জুঅতি'র উৎস হলো

(A) যুবতি

(B) যুক্ত

(C) যূথী

(D) যুক্তি

**6.** 'ধন্য' শব্দটির মৌলিক অর্থ ধনশালী, এখন অর্থ সর্বসৌভাগ্যবান। শব্দার্থ পরিবর্তনের প্রক্রিয়ায় এটি হলো

(A) অর্থসংকোচ

(B) অর্থসম্প্রসারণ

(C) অর্থাবনতি

(D) উপরের কোনোটিই নয়

**7.** ''বাঢ়ই সো তরু সুভাসুভ পাণী''— পদটির রচয়িতা

(A) কম্বলাম্বরপা

(B) সরহপা

(C) শবরপা

(D) কাহ্নপা

**8.** '' পঞ্চ তথাগত কি অ কেড়ুয়াল''— পঞ্চ তথাগতর অন্যতম—

(A) রত্নবৈভব

(B) রত্নপ্রবর

(C) রত্নসম্ভব

(D) রত্নধীমান

**9.** ''কান্দিআঁ মলিন কৈল মুখে।''— মুখ মলিন হলো

(A) বলভদ্রর

(B) আইহনের

(C) কৃষ্ণের

(D) বড়ায়ির

**10.** গোবিন্দদাস 'কবিরাজ' উপাধিপ্রাপ্ত হন যাঁর দ্বারা—

(A) জীব গোস্বামী

(B) রূপ গোস্বামী

(C) বলরাম দাস

(D) জ্ঞানদাস

**11.** 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতে'র মধ্যখণ্ডের দশম পরিচ্ছেদের নাম—

(A) বৈষ্ণবমিলন

(B) বেড়াকীর্তন বিলাসবর্ণন

(C) রথাগ্রে নর্তন

(D) উপরের কোনোটিই নয়

**12.** ''পুলকে পূরয়ে তনু শ্যাম পরসঙ্গে।''—
পদটির রচয়িতা—

(A) জ্ঞানদাস

(B) চণ্ডীদাস

(C) রাধামোহন ঠাকুর

(D) বলরামদাস

**13.** '' কি কহসি কি পুছসি শুন প্রিয় সজনী''—
উদ্ধৃতাংশটি যে পর্যায়ের—

(A) পূর্বরাগ

(B) অনুরাগ

(C) মান

(D) মাথুর

**14.** চাঁদ বণিকের মহাজ্ঞান হরণে মনসা যে ছদ্মবেশ নিয়েছিলেন—

(A) বাগ্‌দিনীর

(B) গোয়ালিনীর

(C) নটীর

(D) মালিনীর

**15.** ''কি কি বুলি গোল হৈল সকল গোকুলে''—
গোল হওয়ার কারণ কৃষ্ণের—

(A) অঘাসুর বধ

(B) পুতনা বধ

(C) ধেনুকাসুর বধ

(D) কালীয়দমন

**16.** কেনারামের মাতুলালয় যে গ্রামে—

(A) দেবপুর

(B) বাকুলিয়া

(C) গারুয়া

(D) কাঞ্চনপুর

**17.** ''কেনি কৈলে হেন কাজ সঞ্চয় করিলে লাজ লোক মাঝে না তুলিবে মাথা''— উক্তিটি যার—

(A) লহনার

(B) খুল্লনার

(C) শ্রীপতির

(D) রম্ভাবতীর

**18.** ''অঙ্গে লেখা রাম নাম রথচারী পাশে।
________ ভক্তি দেখি কপিগণ হাসে।।''
শূন্যস্থানে যার ভক্তির কথা বলা হয়েছে—

(A) বিভীষণ

(B) অঙ্গদ

(C) সুগ্রীব

(D) তরণী

**19.** ''পৃথিবীতে প্রবেশ করিয়া পশুপতি।
________ দ্বীপের উপরে।।''
শূন্যস্থানে যে শব্দটি বসবে—

(A) দেবধাম

(B) শিবধাম

(C) দেবীপুর

(D) দেবীচক

**20.** ''আলু থালু কেশ বাস ঘন ঘন বহে শ্বাস'' — 'অন্নদামঙ্গল' কাব্যে এমন অবস্থার কথা যার সম্পর্কে বলা হয়েছে—

(A) মেনকা

(B) সতী

(C) রতি

(D) উমা

**21.** ''দাঁড়াইলে জটাভার চরণে লুটায় তাঁর''
— 'অন্নদামঙ্গল' কাব্যে এমন অবস্থা যাঁর—

(A) দক্ষ
(B) শিব
(C) ব্যাসদেব
(D) মদন

**22.** ''সর্ব্বশাস্ত্রে __________ মুখ্য সর্ব্বদেবে হরি''
— শূন্যস্থানে যে শব্দটি বসবে

(A) পুরাণ
(B) বেদ
(C) রামায়ণ
(D) জ্ঞান

**23.** ''যদি জীয়ে ভার্যা তোর হেন সত্য কর।
স্বামী নারীদাস হইবা ______ বৎসর।।''
— লোককে যত বছরের 'নারীদাস' হওয়ার কথা বলা হয়েছে—

(A) একাদশ
(B) নবম
(C) দ্বাদশ
(D) সপ্তম

**24.** ''অক্ষয় ধনুক আমি করিয়াছি হাতে।
ত্রিভুবনে কার সাধ্য, কে পারে কাটিতে।।''—
উক্তিটি যার—

(A) মেঘনাদ
(B) কুম্ভকর্ণ
(C) বীরবাহু
(D) ভস্মলোচন

**25.** ''কহ হে দেবি অমৃতভাষিণী''— মধুসূদন যাকে 'অমৃতভাষিণী' বলেছেন তিনি হলেন—

(A) সীতা
(B) দেবী সরস্বতী
(C) ঊর্মিলা
(D) মন্দোদরী

**26.** 'মেঘনাদবধ কাব্য'-এর সপ্তম সর্গের নাম

(A) অভিষেক
(B) সমাগম
(C) অশোকবন
(D) শক্তিনির্ভেদ

**27.** '' __________ থেকে দেখা স্বস্তিকলাঞ্ছন
বালখিল্য নাট্‌সীদের সমস্বর নামসংকীর্তন
মশালের ধূমার্ত আলোকে'' ঃ
শূন্যস্থানে যে শব্দটি বসবে—

(A) জন্ম
(B) কূটাগার
(C) তাচ্ছিল্য
(D) আকাশ

**28.** কাজী নজরুল ইসলামের 'পলাতকা' কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত তার নাম—

(A) দোলনচাঁপা
(B) অগ্নিবীণা
(C) ছায়ানট
(D) সর্বহারা

**29.** '' সৌন্দর্য রাখিছে হাত অন্ধকার ক্ষুধার বিবরে;''—
যে কবিতার অংশ—

(A) বোধ
(B) সিন্ধুসারস
(C) রাত্রি
(D) গোধূলি সন্ধির নৃত্য

**30.** ''আমার জীবনে তুমি প্রায় বুঝি প্রত্যহই ______ পূর্ণিমা।'' শূন্যস্থানে যে শব্দ বসবে—

(A) বুদ্ধ
(B) ঝুলন
(C) দোলন
(D) শ্রাবণ

**31.** "আমার পৃথিবী/এইখানে শেষ"— অমিয় চক্রবর্তীর যে কবিতার পঙ্‌ক্তি

(A) চেতনস্যাকরা

(B) বিনিময়

(C) ঘর

(D) সংগতি

**32.** "মোড়ে ফুলের দোকানে ভিড়।
লোকটা আজ কার মুখ দেখে উঠেছিল?"— সুভাষ মুখোপাধ্যায়ের যে কবিতার অংশ—

(A) পাথরের ফুল

(B) ফুল ফুটুক না ফুটুক

(C) কাল মধুমাস

(D) যেতে যেতে

**33.** "সেই _______, সেই ধুনো, সেই মালা, সেই মিছিল"— শূন্যস্থানে যে শব্দটি বসবে—

(A) আলো

(B) ফুল

(C) ধূপ

(D) সাজ

**34.** "আমরা যে ছবি দেখি আঁকি _______ ছন্দের মায়ায়" — শূন্যস্থানের শব্দটি—

(A) নব

(B) টুকরো

(C) স্তব্ধ

(D) ললিত

**35.** "লিখিও, উহা ফেরত চাহ কি না?"
উদ্ধৃতাংশটি যে কবিতার অংশ—

(A) চাবি

(B) হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান

(C) আনন্দ ভৈরবী

(D) অনন্ত কুয়ার জলে চাঁদ পড়ে আছে

**36.** "কিরিস্তান এসেছে ক্রান্তিদলে!"
এই কিরিস্তানের আসল নাম হলো—

(A) এনটনি

(B) স্যামুয়র

(C) ঢোঁড়াই

(D) টমি

**37.** "দর্পণ বিহীন তুমি, জানোনা কাহার ছায়া সম্মুখে দাঁড়ানো"— উদ্ধৃতাংশটি যে কবিতার—

(A) প্রেম তুমি

(B) গর্জন সত্তর

(C) হরিণা বৈরী

(D) আন্তিগোনে

**38.** 'বিষবৃক্ষ' উপন্যাসের ষষ্ঠ পরিচ্ছেদের নাম

(A) অনাথিনী

(B) "না"

(C) তারাচরণ

(D) বাবু

**39.** "বস্তুতঃ আমি এমন স্বার্থপর, অসজ্জন ব্যক্তি জীবনে অল্পই দেখিয়াছি।"— সেই 'অসজ্জন' ব্যক্তি হলেন—

(A) শাহজী

(B) কুমার সাহেব

(C) নতুনদা

(D) মেজদা

**40.** প্রসন্ন গুরু মহাশয়ের পাঠশালায় এসে যিনি নানা দেশে ভ্রমণের কাহিনি বলতেন—

(A) দীনু পালিত

(B) রাজকৃষ্ণ রায়

(C) রাজকৃষ্ণ সান্যাল

(D) লক্ষ্মণ মহাজন

**41.** ''কে জানে, হয়তো সীতা আর হেলেন আর ক্লিওপেট্রার মতো যার অসাধারণ রূপ থাকে তাহাকে ঘিরিয়া অনেক খাপছাড়া কাণ্ডই ঘটিতে থাকে জগতে!''— 'পুতুলনাচের ইতিকথা'তে যার রূপ প্রসঙ্গে এই মন্তব্য—

(A) কুসুম

(B) জয়া

(C) সেনদিদি

(D) মতি

**42.** ''জোত আর রায়তি জমি মিলিয়ে এঁর জমি হবে প্রায় তিন হাজার বিঘা। কিন্তু ইনি নিজেকে বলেন 'কিসান'।''

যাঁর কথা বলা হচ্ছে—

(A) গিধর মণ্ডল

(B) বচ্চন সিং

(C) ভোপতলাল

(D) রবিয়া

**43.** ''তারপর মৃৎপাত্রে লবণাক্ত কপিত্থ-সুরভিত তক্র পান করিতে দিল।''— 'তক্র' শব্দটির অর্থ

(A) জল

(B) দুধ

(C) ঘোল

(D) সুরা

**44.** ''দত্তদের বাড়ীতে কালীপূজা উপলক্ষে পাড়ায় সখের থিয়েটারের স্টেজ বাঁধা হইতেছে।''

থিয়েটারের নাম হলো—

(A) নিমাই সন্ন্যাস

(B) মেঘনাদবধ

(C) রাবণবধ

(D) বলিদান

**45.** ''স্বামী তো আর স্ত্রীর সম্পত্তি নয়, যে কাউকে ভাগ দেবে না। বরং স্ত্রীই স্বামীর সম্পত্তি।''—একথা বলেছে—

(A) বিদ্যুন্মালা

(B) মণিকঙ্কণা

(C) ভানুদেব

(D) দেবরায়

**46.** ''আমি কলিঙ্গ দেশ থেকে আসছি বটে, কিন্তু বাংলা দেশের লোক।'' একথা বলেছে—

(A) অর্জুন

(B) কৃষ্ণ

(C) বলরাম

(D) গণেশ

**47.** ''তার চোখের মণি কালো নয়। নীলও বলা যায়না তাকে।''— 'নির্বাস' উপন্যাসে বিমলার চোখের মণির রং—

(A) বাদামি

(B) ফিরোজা

(C) খয়েরি

(D) ধূসর

**48.** ''মেঝের উপরকার ময়লা ছিন্ন বিছানায় একটি বালিশের উপর কনুই-এর ভর দিয়া লোকটা তখন বসিয়াছে।''— লোকটা হলো—

(A) অঘোর

(B) বিচারক

(C) কোর্ট ইনস্পেক্টার

(D) পুলিশ প্রহরী

**49.** ''ছি, এতগুলো ফুল নিয়ে এলেন— মালা! দোপাটির মালা। কোথায় পেলেন?''— উত্তরে যে বাজারের কথা বলা হয়েছে—

(A) বৌবাজার

(B) শ্যামবাজার

(C) বড়বাজার

(D) শখের বাজার

**50.** ''মতিলাল পাদরীর মনটা তার কথায় জুড়িয়ে গেল।''— যার কথায় জুড়িয়ে গেল সে হলো—

(A) ভামর

(B) বদন

(C) ভুলুয়া

(D) জহর

**51.** 'শহীদের মা' গল্পে বিমলার পরনে শোমিজের ওপরে ছিল—

(A) লাল পাড়ের সাদা শাড়ি
(B) নীল পাড়ের সাদা শাড়ি
(C) সবুজ পাড়ের সাদা শাড়ি
(D) খয়েরি পাড়ের সাদা শাড়ি

**52.** ''তা যাওনা কলকাতা, আমি কি বাদ সাধছি!''—
কলকাতায় যেতে চায়—

(A) মলিনা
(B) যতীন
(C) বাসুদেব
(D) অনিল

**53.** শ্যামলাল ব্রহ্মচারীর শ্যালকের নাম—

(A) বিনোদ
(B) নিবারণ
(C) সত্যব্রত
(D) বিপিন

**54.** ''পাতকীর কর্ম্ম দোষে হলে পাপভাগী
পাপীরা ধনের মদে না মানে তোমায়—''
—উদ্ধৃতিটির রচয়িতা

(A) কৃষ্ণদাস কবিরাজ
(B) মধুসূদন দত্ত
(C) কৃত্তিবাস ওঝা
(D) মীর মশার্‌রাফ হোসেন

**55.** ''আর, কে আছে আমার?
এ দুঃখ পাথারে কে বা হবে কর্ণধার?''
—নেপথ্য সংগীতটি যে রাগিণীতে রচিত—

(A) খাম্বাজ
(B) ভৈরবী
(C) বাগেশ্রী
(D) মল্লার

**56.** 'একেই কি বলে সভ্যতা'র দ্বিতীয় গর্ভাঙ্ক শুরু হয়েছে যেখানে—

(A) নব বাবুর বাড়িতে
(B) জ্ঞানতরঙ্গিণী সভায়
(C) সিক্‌দার পাড়া স্ট্রীটে
(D) বারবণিতালয়ে

**57.** ''রাখিলে ক্ষত্রিয় কীর্তি অতুল জগতে''—
জনা এই উক্তিটি যার সম্বন্ধে করেছে—

(A) অর্জুন
(B) কৃষ্ণ
(C) প্রবীর
(D) নীলধ্বজ

**58.** ''সেবিছ যতনে তুমি অতিথি রতনে''—
'অতিথি রতন' যিনি—

(A) ভীষ্ম
(B) দ্রোণ
(C) অর্জুন
(D) কর্ণ

**59.** ''এক হাস্যের ফোয়ারা''—যার সম্পর্কে বলা হয়েছে—

(A) জাহানারা
(B) মহামায়া
(C) নাদিরা
(D) পিয়ারা

**60.** ''আমি দেখেছি তাঁকে দিনের পর দিন।''—
'প্রথম পার্থ' নাটকে যাঁকে দেখার কথা বলা হয়েছে—

(A) অর্জুনকে
(B) কুন্তীকে
(C) কর্ণকে
(D) কৃষ্ণকে

**61.** ''আপনার কোনো মোরালিটি নেই। নীতিবোধ, ন্যায়বোধ— এসব আপনার ধাতে নেই।''— বেণীমাধবকে যে এই কথা বলেছে—

(A) হরবল্লভ
(B) বীরকৃষ্ণ দাঁ
(C) প্রিয়নাথ
(D) জলদ

**62.** ''কালকূট বিষ ছিল অন্নের পাতিলে, বিষে নীল হয়্যা গেছে দেহগুলো''— 'চাঁদ বণিকের পালা' নাটকে সংলাপটি যার—

(A) সনকা
(B) ন্যাড়া
(C) চাঁদ
(D) নগরপাল

**63.** ''প্রচণ্ড বিধাতা, তবু মৃত্যু দেয় নাই,''— 'চাঁদ বণিকের পালা' নাটকে এটি যার উক্তি—

(A) চন্দ্রধর
(B) বল্লভাচার্য
(C) সনকা
(D) শিবদাস

**64.** ''এমন সময় হঠাৎ ________ বছর বয়সে বিলাতের জনসমুদ্রের মধ্যে ভাসিয়া পড়িলে খুব একচোট হাবুডুবু খাইবার আশঙ্কা ছিল।''—তখন রবীন্দ্রনাথের বয়স—

(A) ষোলো
(B) আঠারো
(C) পনেরো
(D) সতেরো

**65.** ''মনুষ্যপ্রকৃতিতে যে সকল উচ্চাশয় মনোবৃত্তি আছে, এই সকল অবস্থাতেই তাহা সম্যক প্রকারে স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। ইহা মনুষ্যলোকে সুশিক্ষার বীজ— কাব্যের প্রধান উপকরণ।''— যে প্রবন্ধে মন্তব্যটি আছে—

(A) মনুষ্যফল
(B) শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা
(C) বিদ্যাপতি ও জয়দেব
(D) বঙ্গদর্শনের পত্রসূচনা

**66.** ''ওহে বাপু, যীশুও আসেননি, ________ ও আসেননি, আসবেনও না।'' 'প্রাচ্য ও পাশ্চাত্য' বইতে শূন্যস্থানে যে শব্দটি আছে—

(A) গড্‌
(B) গ্যাব্রিয়েল
(C) যিহোবা
(D) সন্ত পল

**67.** হরপ্রসাদ শাস্ত্রীর মতে বঙ্গীয় যুবকের চরিত্র নির্মাণে যে ইংরেজ লেখক অংশী—

(A) শেকস্‌পীয়র
(B) বায়রন
(C) মিল্টন
(D) শেলি

**68.** ভারতচন্দ্র যাঁর আশ্রয়ে পারস্য ভাষা অধ্যয়ন করেন—

(A) ইন্দ্রনারায়ণ চৌধুরী
(B) শিবভট্ট
(C) রামচন্দ্র মুনশি
(D) কৃষ্ণচন্দ্র

**69.** ''______ দ্বীপের লোকে বুড়া বাপকে রাঁধিয়া খায়''— 'সুখ না দুঃখ?' প্রবন্ধে প্রাবন্ধিক যে দ্বীপের কথা বলেছেন—

(A) পারা
(B) ফিজি
(C) সিংহল
(D) লাক্ষা

**70.** ''ট্রেন লেট না তুমি লেট?'' 'দ্বিজ' গল্পে উক্তিটি যার—

(A) নটবর
(B) নিশিকান্ত
(C) নয়নতারা
(D) গণেশ

**71.** ''কাল সন্ধ্যাবেলা, আমতলার মাঠে কীর্তনের আসরে দেখা।''

'গিরগিটি' গল্পে একথা যে বলেছে—

(A) মনোরঞ্জন

(B) কমলা

(C) গোপীনাথ

(D) নিতাই

**72.** ''রবীন্দ্রনাথই প্রকৃতপক্ষে যৌবনের কবি— হেরিক নন, বায়রন নন, ভারতচন্দ্র নন।''— বুদ্ধদেব বসুর যে প্রবন্ধে কথাটি আছে—

(A) রবীন্দ্রনাথ ও উত্তরসাধক

(B) উত্তর তিরিশ

(C) নববসন্ত

(D) জীবনানন্দ দাশ-এর স্মরণে

**73.** রাসসুন্দরীর যে ছেলের বহরমপুরে মৃত্যু হয়েছিল তার নাম—

(A) পুলিনবিহারী

(B) প্যারীলাল

(C) রাধানাথ

(D) মুকুন্দলাল

**74.** 'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রকাশিত হয় যে খ্রিস্টাব্দে—

(A) ১৮২০

(B) ১৮৪৩

(C) ১৮৪৯

(D) ১৮৫৬

**75.** ''নৃত্যপরা ___________ কনক নূপুরে তালভঙ্গ হত।''— শূন্যস্থানে যে শব্দটি বসবে—

(A) উর্বশীর

(B) মেনকার

(C) কান্তার

(D) কিন্নরীর

**76.** ''তার ছেলেটি মরে গেছে সাত বছর হল।''— যার ছেলেটি মরে গেছে—

(A) হিরণ মাসি

(B) সিধু গয়লানী

(C) অমলা

(D) সুনৃতা

**77.** যেখানে যাওয়ার সময় মিস্ গিল্‌বি-কে ঢিল ছুঁড়ে মারা হয়েছিল—

(A) নিখিলেশের বাড়ি

(B) স্কুলে

(C) গির্জেয়

(D) নিজের বাড়ি

**78.** ''তার সঙ্গে দুলে দুলে উঠেছে মন্দাক্রান্তা ছন্দে বিরহীর বাণী।'' যে কবিতার অংশ—

(A) মেঘদূত

(B) পূরবী

(C) ছেলেটা

(D) বিচ্ছেদ

**79.** ''একটা কোনো দয়া কোথাও থেকে চাই, একটা কোনো আশ্রয় ,''— 'ঘরে-বাইরে' উপন্যাসে এই উক্তিটি যার—

(A) বিমলা

(B) সন্দীপ

(C) মেজোরানী

(D) নিখিলেশ

**80.** ''পাথর আবার গলিল।''— যার সম্পর্কে বলা হয়েছে—

(A) শচীশ

(B) দামিনী

(C) শ্রীবিলাস

(D) গুরুজী

**81.** 'হৈমন্তী' গল্পে হৈমন্তীর বাবার নাম—

(A) বনমালী

(B) শিবশংকর

(C) গৌরীশংকর

(D) নন্দদুলাল

**82.** ''এ পথ গেছে কোন্‌খানে গো কোন্‌খানে''— গানটি গীত হয়েছে—

(A) শোনপাংশুদের কণ্ঠে

(B) দাদাঠাকুরের কণ্ঠে

(C) পঞ্চকের কণ্ঠে

(D) দর্ভক দলের কণ্ঠে

**83.** 'মুক্তধারা' নাটকে সেনাপতির নাম

(A) উদ্ধব

(B) বিজয় পাল

(C) গণেশ

(D) বিষণ

**84.** ''পুঁটু যাবে শ্বশুর বাড়ি সঙ্গে যাবে কে।
ঘরে আছে ________ বেড়াল, কোমর বেঁধেছে।''—
বেড়ালটি যেমন—

(A) হুলো

(B) বুনো

(C) কুনো

(D) গেছো

**85.** ''সেই যে বোন গাল দিয়েছেন _________ বলে।''— যে কথা বলে গাল দেওয়া হয়েছে—

(A) ভাইখাকী

(B) স্বামীখাকী

(C) কপালখাকী

(D) বরখাকী

**86.** ''কে তোমাকে আশ্বাস দিল যে, এক অপূর্ব সৌন্দর্যলোকে __________ তাহার সহিত চিরমিলন হইবে?''— শূন্যস্থানের শব্দটি হলো—

(A) বসন্তপূর্ণিমা রাত্রে

(B) শ্রাবণপূর্ণিমা রাত্রে

(C) বৈশাখীপূর্ণিমা রাত্রে

(D) শরৎপূর্ণিমা রাত্রে

**87.** ''অতএব __________ এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ।''— শূন্যস্থানে যে শব্দটি বসবে—

(A) কাব্য

(B) রস

(C) বাক্য

(D) চিত্র

**88.** 'তথ্য ও সত্য' প্রবন্ধে উল্লিখিত ''এক দুই গণইতে অন্ত নাহি পাই''— পদটি—

(A) বিদ্যাপতির

(B) জ্ঞানদাসের

(C) চণ্ডীদাসের

(D) বলরামদাসের

**89.** ''রাবণ শ্বশুর মম, মেঘনাদ স্বামী,—
আমি কি ডরাই, সখি, ভিখারী রাঘবে?''—
যে অলংকারের উদাহরণ—

(A) অনুপ্রাস

(B) যমক

(C) শ্লেষ

(D) বক্রোক্তি

**90.** ''বড় যদি হতে চাও
ছোট হও তবে।''
যে অলংকারের উদাহরণ—

(A) ব্যতিরেক

(B) সন্দেহ

(C) বিরোধাভাস

(D) বিষম

**91.** ''কাব্যে ছন্দের যে কাজ, গানে তালের সেই কাজ। ...... কবিতায় যেটা ছন্দ, সংগীতে সেইটেই লয়।''— উক্ত অভিমত যাঁর তিনি হলেন—

(A) অমূল্যধন মুখোপাধ্যায়

(B) প্রবোধচন্দ্র সেন

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) মোহিতলাল মজুমদার

**92.** ''গাছের ডালে ফলটি পেকে করতেছে টুকটুক,
উৎসাহেতে উঠল নেচে ষণ্ডাহাতির বুক।''—
যে ছন্দের উদাহরণ—

(A) সরল কলাবৃত্ত

(B) মিশ্র কলাবৃত্ত

(C) গদ্য ছন্দ

(D) দলবৃত্ত

**93.** নির্বেদ ও চিন্তা যার লক্ষণ—

(A) বাসকসজ্জিকার

(B) খণ্ডিতার

(C) বিপ্রলব্ধার

(D) মানিনীর

**94.** 'হরিপ্রিয়া প্রকরণে' 'গর্ব'-র ভাগ যতগুলি—

(A) পাঁচ

(B) ছয়

(C) সাত

(D) আট

**95.** শঙ্খবিল আকাশ গাঙে
শুভ্র মেঘের পালটি মেলে
জ্যোৎস্নাতরী বেয়ে তুমি
ধরার ঘাটে কে আজ এলে?
উদ্ধৃত স্তবকটি যে অলংকারের দৃষ্টান্ত

(A) উৎপ্রেক্ষা

(B) সাঙ্গরূপক

(C) উপমা

(D) অপহ্নুতি

**96.** শ্লেষ ও প্রসাদ হলো—

(A) মাগধী রীতির গুণ

(B) বৈদর্ভী রীতির গুণ

(C) পাঞ্চালী রীতির গুণ

(D) লাটী রীতির গুণ

**97.** 'অলঙ্কারানাম্ অনন্তত্বাৎ' কথাটি আছে—

(A) কাব্যাদর্শে

(B) রসগঙ্গাধরে

(C) ধ্বন্যালোকে

(D) সাহিত্যদর্পণে

**98.** অ্যারিস্টটলের মতে শিল্পের মূল আবেদন আছে—

(A) বুদ্ধিতে

(B) মনে

(C) হৃদয়ে

(D) প্রকাশে

**99.** ট্রাজেডিতে ঘটনা ঐক্য মানে—

(A) নায়ক ঐক্য নয়

(B) নায়ক ঐক্য

(C) প্লটের ঐক্য

(D) উপরের কোনোটিই নয়

**100.** অ্যারিস্টটলের মতে আদর্শ কাহিনিতে কথাবস্তু থাকবে

(A) দুটি

(B) তিনটি

(C) চারটি

(D) একটি

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**